


সংবাদ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী)

পরীক্ষা- ২০২১ এর ফলাফল প্রকাশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ ২২.০১.২০২৪ তারিখ, সকাল ১২টায় কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা, ২০২১ সেশন- ২০২০-২০২১ এর ফলাফল ঘোষণা করেন। তিনি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে সকলকে স্ব-স্ব ক্ষেত্রে মেধা ও যোগ্যতার মাধ্যমে বিশ্ববিদ্যালয় তথা দেশের ভাবমূর্তি উজ্জ্বল করার জন্য আহ্বান জানান। সকালে সম্মানিত পরীক্ষা নিয়ন্ত্রক জনাব এ, কে, এম, আজহারুজ্জামান কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা, ২০২১ এর ফলাফল মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয়ের হাতে আনুষ্ঠানিকভাবে তুলে দেন। এসময় ফলাফল ঘোষণা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ, রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের পরিচালকগণ'সহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে সারা দেশের কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা- ২০২১এ সর্বমোট পরীক্ষার্থী ১২৬৭ জন এবং পাশকৃত পরীক্ষার্থী ১১৬৫ জন। এই পরীক্ষায় পরীক্ষার্থী পাশের হার: ৯১.৯৫%। পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ে ওয়েবসাইট www.iau.edu.bd এ পাওয়া যাবে।


(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি :

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।